

“শেখ হাসিনা বারতা  
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।  
www.kkcp.gov.bd

স্মারক নং- ৩২.০১.০০০০.০০৩.১৪.০৩১.১৮(অংশ-১).১৩৬০

তারিখঃ ২৫/০৫/২০২২খ্রিঃ

**বিষয়ঃ কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের ওয়েবসাইটে তথ্য ইনপুট সংক্রান্ত।**


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কিশোর-কিশোরীদের তথ্য আপডেট করার জন্য ইতোমধ্যে একটি ওয়েবসাইট তৈরি (www.kkcp.gov.bd) ও ওয়েবসাইটে লগইন করার জন্য প্রয়োজনীয় তথ্য ও নির্দেশনা ফিল্ড সুপারভাইজরদের (সংশ্লিষ্ট সকল জেলা) নিকট প্রদান করা হয়েছে। উক্ত ওয়েবসাইটে নিম্নলিখিত তথ্য জরুরীভিত্তিতে প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো। **উল্লেখ্য যে, বর্ণিত বিষয়ে আইএমইডি'র সুপারিশ রয়েছে।**

ক্রমিক	শিরোনাম	মন্তব্য
০১	কিশোর-কিশোরীদের তথ্য	২০২১ ও ২০২২ সালের কিশোর-কিশোরীদের তথ্য

০২। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প ভবিষ্যতে চলমান থাকবে কিনা তা নির্ভর করে ক্লাবের সদস্যদের এনরোলমেন্ট ও কার্যক্রমের সামগ্রিক পারফরমেন্সের উপর। প্রকল্পের সাথে সংশ্লিষ্ট ফিল্ড সুপারভাইজর, জেলার প্রমোটার, সংগীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষকগণকে কিশোর-কিশোরীদের তথ্য ওয়েবসাইটে ইনপুট দেওয়ার কাজে সহযোগিতা করার জন্য বলা হলো।

০৩। ওয়েবসাইটে প্রাপ্ত কিশোর-কিশোরীদের তথ্যের ভিত্তিতে সকল ধরনের বরাদ্দ প্রদান করা হবে বিধায় জরুরীভিত্তিতে তথ্য ইনপুট দেওয়ার জন্য বলা হলো।

০৪। বরাদ্দ সংক্রান্ত জটিলতা এড়াতে আগামী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে উক্ত তথ্য ইনপুট দেওয়ার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের নির্দেশনা প্রদানের জন্য বলা হলো।

  
মোঃ তরিকুল আলম

(অতিরিক্ত সচিব)

প্রকল্প পরিচালক (অঃ দাঃ)

কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

বিতরণঃ

- ১। উপপরিচালক, .....(সকল)
- ২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ..... (সকল)

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

- ১। পিএটু মহাপরিচালক, মবিঅ, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২। প্রোগ্রাম অফিসার, প্রশাসন-১, ওয়েবসাইট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ) মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ৩। ফিল্ড সুপারভাইজর, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প, মবিঅ (সকল জেলা-পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য)।
- ৪। অফিস কপি।